যুগান্তর

তারিখ ২1 SEP 2016
পৃষ্ঠা ৩ কলাম ৬

# ইবিতে ছাত্রকে জুতাপেটা করে প্রতিশোধ ছাত্রীর

**ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি**

ইসলামী বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর ড. মাহবুবর রহমানের অফিসে বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের এক ছাত্রকে জুতাপেটা করেছে আল-ফিকহ বিভাগের এক ছাত্রী। তারা একসময় স্বামী-স্ত্রী ছিলেন। এর আগে বেলা সাড়ে ১২টার দিকে ওই ছাত্রীকে বেধড়ক পিটিয়ে রক্তাক্ত করেছিল তার সাবেক স্বামী। প্রত্যক্ষদর্শী ও প্রক্টর অফিস জানায়, মঙ্গলবার বেলা সাড়ে ১২টার দিকে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনের পশ্চিম পাশে আল-ফিকহ বিভাগের ২০১৩-১৪ শিক্ষাবর্ষের এক ছাত্রীকে পেটাতে থাকে অর্থনীতি বিভাগের ছাত্র সুমন (ছদ্মনাম)। এ সময় ওই ছাত্রীর চাচাকেও পিটিয়ে রক্তাক্ত করা হয়। পরে উপস্থিত শিক্ষক-কর্মকর্তারা তাকে উদ্ধার করে বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা কেন্দ্রে প্রাথমিক চিকিৎসা দেয়। খবর পেয়ে ঘটনা স্থলে ছুটে যান প্রক্টর প্রফেসর ড. মাহবুবর রহমান। ঘটনাস্থল থেকে ছাত্রকে প্রক্টরের হেফাজতে নেয়া হয়। পরে বেলা ১টার দিকে প্রক্টর অফিসে বিষয়টি মীমাংসার জন্য বসলে ওই ছাত্রী তার সাবেক স্বামীকে পায়ের জুতা খুলে পেটাতে থাকে। এ সময় উপস্থিত ছাত্রছাত্রীরা তাকে নিবৃত্ত করে। পরে প্রক্টর উভয়কে পুলিশের হাতে তুলে দেন। এ বিষয়ে প্রক্টর প্রফেসর ড. মাহবুবর রহমান বলেন, 'উভয়ে দোষী হওয়ায় তাদের পুলিশের হাতে সোপর্দ করা হয়েছে।' ইবি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শফিকুল ইসলাম বলেন, 'মুচলেকা দিয়ে ওই ছেলেকে তার মা ছাড়িয়ে নিয়েছেন।'